# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২১৪/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার, ৩ মে ২০১৮, ২০ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নির্বাচনে আসতে কাউকে জোর করা হবে না : সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী

২। মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক রাখতে হবে : মে দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী

৩। মহান মে দিবস পালিত

৪। ধর্মীয় ভাবগাম্ভীর্যে পবিত্র শবে বরাত পালন

৫। শিশু অধিকার রক্ষায় দক্ষিণ এশিয়ার সংসদ সদস্যদের ভূমিকা রাখার আহ্বান স্পিকারের

৬। মজুদ পর্যাপ্ত, পণ্যের দাম বাড়ার কারণ নেই : বাণিজ্যমন্ত্রী

৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসায় হামলার কারণ জানা যাবে শীঘ্রই : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। জঙ্গিবাদী, মৌলবাদী ও ফতোয়াবাজদের বিরুদ্ধে শ্রমিকদের রুখে দাঁড়াতে হবে : তথ্যমন্ত্রী

৯। বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের সুযোগ তৈরি হয়েছে : থাইমন্ত্রী

১০। আজ বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস

১১। টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ১৮ বছরে সেরা র‍্যাংকিং

চলমান পাতা -২

১। **নির্বাচনে আসতে কাউকে জোর করা হবে না : সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী**

আগামী নির্বাচনে অংশ নেওয়ার জন্য কোনো দলকে জোর করা হবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২ মে বুধবার) এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, নির্বাচন হচ্ছে গণতন্ত্র। কোন দল নির্বাচনে আসবে, আর কোন দল নির্বাচনে আসবে না, এটা তাদের দলীয় সিদ্ধান্ত। কোনো দলের দলীয় সিদ্ধান্ত তো আর আমরা চাপিয়ে দিতে পারি না। প্রধানমন্ত্রীর সাম্প্রতিক সৌদি আরব, যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়া সফরের বিষয়ে জানাতে গতকাল গণভবনে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনের শুরুতে প্রধানমন্ত্রী তাঁর সাম্প্রতিক বিদেশ সফর বিষয়ে দেশবাসীকে অবহিত করেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

২। **মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক রাখতে হবে : মে দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাইরের উস্কানিতে শিল্প কারখানায় যেন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেদিকে শ্রমিক ও মালিককে সতর্ক থাকতে হবে। মালিক ও শ্রমিকের মধ্যে বজায় রাখতে হবে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক। মে দিবসে গত **১** মে মঙ্গলবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে শ্রম মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, নিজের কাজ, চাকরি এবং পরিবারের রুটি-রুজির ব্যবস্থাটা যেন কোনোভাবে ধ্বংস না হয়, সেদিকে শ্রমিকদের বিশেষভাবে দৃষ্টি রাখতে হবে। শ্রমিকদের প্রতি আন্তরিক হতে মালিকদের প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী। এছাড়া প্রধানমন্ত্রী অনুষ্ঠানে দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকদের পরিবারের সদস্য মেধাবী সন্তানদের মাঝে অনুদানের চেক বিতরণ করেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

৩। **মহান মে দিবস পালিত**

নিরাপদ কর্মপরিবেশ এবং শ্রম অধিকার আদায়ের অঙ্গীকারের মধ্য দিয়ে গত **১** মে মঙ্গলবার পালিত হয়েছে মহান মে দিবস। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাজধানীসহ সারাদেশে শ্রমিক সমাবেশ-র‍্যালি, আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয় দিবসটি। শ্রমিকদের সার্বিক কল্যাণে সব ধরনের ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে সরকারের পক্ষ থেকে। দিবসের এবারের প্রতিপাদ্য ছিল 'মালিক-শ্রমিক ভাই ভাই, সোনার বাংলা গড়তে চাই'। সূত্র : **সমকাল** (পৃ.৩, ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৫)।

৪। **ধর্মীয় ভাবগাম্ভীর্যে পবিত্র শবে বরাত পালন**

যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে সারাদেশে পালিত হয়েছে পবিত্র শবে বরাত। পূণ্যময় এ রাতে আল্লাহ তায়ালার রহমত লাভের জন্য প্রার্থনা করেছেন ধর্মপ্রাণ মুসলমানরা। গত **১** মে মঙ্গলবার দিবাগত রাতভর মুসল্লিরা নফল নামাজ, কুরআন তেলাওয়াত ও দোয়া মাহফিলসহ এবাদত-বন্দেগির মধ্য দিয়ে এ রজনী পালন করেছেন। এ উপলক্ষে ধর্মপ্রাণ মুসল্লিরা নফল রোজা পালন করেছেন। এ রজনীতে মুসলিম উম্মাহর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশ্বের মুসলমানগণ বিশেষ মোনাজাত ও দোয়া করেন। পবিত্র শবে বরাত উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী প্রদান করেছেন। সূত্রঃ **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৫)।

৫। **শিশু অধিকার রক্ষায় দক্ষিণ এশিয়ার সংসদ সদস্যদের ভূমিকা রাখার আহ্বান স্পিকারের**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী শিশুশ্রম দূরীভূত করে দরিদ্র শিশুদের উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করতে দক্ষিণ এশিয়ার সংসদ সদস্যদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, সংসদ সদস্যরা শিশু অধিকার সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। বিশেষকরে এ অঞ্চলের এক দেশ অন্য দেশের সঙ্গে অভিজ্ঞতা বিনিময় করে শিশু দারিদ্র্য কমিয়ে আনার ক্ষেত্রে পদক্ষেপ নিতে পারে। গতকাল (২ মে বুধবার) রাজধানীর সোনারগাঁও

হোটেলে ইউনিসেফ আয়োজিত দুই দিনব্যাপী 'সাউথ এশিয়া পার্লামেন্টারিয়ান প্লাটফরম ফর চিলড্রেন'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**৬। মজুদ পর্যাপ্ত, পণ্যের দাম বাড়ার কারণ নেই : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, চাহিদার তুলনায় ভোগ্যপণ্যের মজুদ অনেক। ফলে রমজানে ভোগ্যপণ্যের দাম বাড়ার কোনো কারণ নেই। ব্যবসায়ীদের উদ্দেশে তিনি বলেন, রমজানে কেউ দাম বাড়াবেন না। আমরা চাই ব্যবসায়ীদের সঙ্গে সুসম্পর্ক রেখে বাজার স্থিতিশীল রাখতে। রমজানে সরকারের নজরদারিও থাকবে বলে উল্লেখ করেন মন্ত্রী। গতকাল (২ মে বুধবার) ভোলায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় ও আর্থিক সহায়তা প্রদানের সময় তিনি এ কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসায় হামলার কারণ জানা যাবে শীঘ্রই : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে হামলাকারীরা কী কারণে হামলা চালিয়েছে তা শীঘ্রই জানা যাবে। হামলাকারীদের চিহ্নিত করে গ্রেফতার করা হচ্ছে। গতকাল (২ মে বুধবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে 'কৃষিবিদ মুক্তিযোদ্ধাদের সম্মাননা' প্রদান অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

**৮। জঙ্গিবাদী, মৌলবাদী ও ফতোয়াবাজদের বিরুদ্ধে শ্রমিকদের রুখে দাঁড়াতে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জঙ্গিবাদী, মৌলবাদী ও ফতোয়াবাজরা শ্রমিকদের মধ্যে বিভক্তি তৈরি করে, তারা নারী শ্রমিকদের ঘরে বন্দি করে রাখতে চায়। ন্যূনতম জাতীয় মজুরির দাবি আদায়ের সংগ্রামের পাশাপাশি এ ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধেও শ্রমিকদের রুখে দাঁড়াতে হবে। মহান মে দিবসে গত মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে জাসদ কার্যালয়ের সামনে জাতীয় শ্রমিক জোট-বাংলাদেশ আয়োজিত শ্রমিক সমাবেশ ও লাল পতাকা শোভাযাত্রা উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১১,ক.১)।

**৯। বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের সুযোগ তৈরি হয়েছে : থাইমন্ত্রী**

বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের চমৎকার সুযোগ তৈরি হয়েছে বলে অভিমত ব্যক্ত করেছেন থাইল্যান্ডের প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রী কোবসাক পুত্রাকুল। গতকাল (২ মে বুধবার) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) কার্যালয়ে সংস্থাটির কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। কোবসাক পুত্রাকুল ২৬ দিনের সরকারি সফরে বাংলাদেশে অবস্থান করছেন। তিনি থাইল্যান্ডের ৩০ সদস্যের উচ্চক্ষমতাসম্পন্ন প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৮), **ইনকিলাব** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫)।

**১০। আজ বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস**

আজ ৩ মে বৃহস্পতিবার বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস। এ দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, 'কিপিং পাওয়ার ইন চেক : মিডিয়া, জাস্টিস অ্যান্ড দ্য রুল অব ল'। ১৯৯১ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ১৯৯৩ সাল থেকে প্রতিবছর ৩ মে বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস পালিত হচ্ছে। অন্যান্য দেশের মতো দিবসটি উপলক্ষে বাংলাদেশেও নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে। সূত্র : **সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২)।

**১১। টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ১৮ বছরে সেরা র‍্যাংকিং**

প্রতি বছর **১** মে হালনাগাদ করা হয় আইসিসির বার্ষিক টেস্ট র‍্যাংকিং। এবার সেই হালনাগাদ বড় এক সুখবর নিয়ে এসেছে বাংলাদেশের জন্য। টেস্ট খেলায় **১৮** বছরে প্রথমবারের মতো টেস্ট র‍্যাংকিংয়ের আট নম্বরে উঠে এসেছে বাংলাদেশ। টেস্টে এটাই বাংলাদেশের সর্বকালের সেরা র‍্যাংকিং। গত **১** মে মঙ্গলবার প্রকাশিত হালনাগাদ র‍্যাংকিংয়ে এক ধাপ এগিয়ে ওয়েস্ট ইন্ডিজকে পেছনে ফেলেছে বাংলাদেশ।

সূত্র : **যুগান্তর** (পৃ.১, ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, সমকাল, যায়যায়দিন, যুগান্তর, সংবাদ** : সড়ক দুর্ঘটনা প্রসঙ্গে আইন কমিশনের চেয়ারম্যান ট্রাফিক আইন সংস্কারের যে তাগিদ দিয়েছেন তা তুলে ধরে এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী হওয়ার আহ্বান।

খ. **জনকণ্ঠ** : বাংলাদেশে ধূমপানের পেছনে ৮০ হাজার কোটি টাকা ব্যয় হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে ধূমপানকে নিরুৎসাহিত করার ব্যাপারে সরকারের পাশাপাশি পারিবারিক পরিসরে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো** : পরিবেশ ও জনস্বাস্থ্য বাঁচাতে বরগুনার পাথরঘাটার **১৬**টি অবৈধ কাঠকয়লা কারখানা দ্রুত উচ্ছেদ করার সুপারিশ।

ঘ. **সমকাল :** সারাদেশে লোকালয় ও ফসলি জমিতে ইটভাটা গড়ে ওঠায় ফসলি জমির ক্ষতি হওয়ায় ইটভাটা স্থাপনে সঠিক পদ্ধতি অনুসরণ করার আহ্বান।

ঙ. **যুগান্তর :** চট্টগ্রাম বন্দরকে সার্বক্ষণিক সচল ও গতিশীল রাখতে কনটেইনার দ্রুত খালাসের ব্যবস্থা করাসহ বন্দরের সব ধরনের সমস্যার নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট** : শিল্প কারখানার বর্জ্যে ঢাকার নদীসহ পরিবেশ মারাত্মক দূষিত হয়ে পড়ায় পরিবেশবান্ধব গ্রিন ইন্ডাস্ট্রি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান** : দেশের ৬ কোটি শ্রমশক্তির জন্য মাত্র ৭টি শ্রম আদালত থাকায় শ্রম সংক্রান্ত মামলাগুলো নিষ্পত্তিতে সংকট তৈরি হওয়ায় এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান।

জ. **অবজারভার** : আসন্ন বর্ষা মৌসুমে রাজধানীবাসীর দুর্ভোগ লাঘবে জলাবদ্ধতা, ড্রেন সমস্যা, দূষণ ও যানজট সমস্যার সমাধানে এখনই কার্যকর পদক্ষেপ গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ব্যাংকিং সেক্টর দেশের অর্থনীতির মূল চালিকা শক্তি হওয়ায় ব্যাংকিং খাতের যে কোনো সিদ্ধান্ত ভেবেচিন্তে নিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'কৃষির উন্নতিই দেশের উন্নতি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রতিবছর দেশের বিপুল পরিমাণ শস্য সংরক্ষণের অভাবে নষ্ট হয়ে যাওয়ায় শস্য, ফল, সবজীসহ ইত্যাদির প্রয়োজনমত সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণের ব্যবস্থা করার ব্যাপারে সর্বাধিক গুরুত্ব দেওয়া আবশ্যক।

#

শুকলা/মরজিনা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা